

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৭

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৮. অযু নষ্টের সন্দেহ হলে

باب إِذَا شَكَّ فِي الْحَدَثِ

আরবী

حَدَّتَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّتَنَا حَمَّادُ، أَخْبَرَنَا سُهَيْلُ بْنُ أَبِي صَالِح، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِيهِ عَلَى الله عليه وسلم قَالَ: " إِذَا كَانَ أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَوَجَدَ حَرَكَةً فِي دُبُرِهِ أَحْدَثَ أَوْ لَمْ يُحْدِثْ فَأَشْكَلَ عَلَيْهِ فَلَا يَنْصَرِفْ حَتَّى يَسْمَعَ صَوْتًا أَوْ يَجِدَ رِيحًا " .

_ صحيح : م

বাংলা

১৭৭। আবৃ হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের কেউ যদি সালাত আদায়রত অবস্থায় পশ্চাৎ-দ্বারে (মলদ্বারে) স্পন্দন অনুভব করে, অথবা বায়ু নির্গত হয়েছে কিনা এ ব্যাপারে তার সন্দেহ সৃষ্টি হয়, তাহলে শব্দ না শুনা কিংবা গন্ধ না পাওয়া পর্যন্ত সে সালাত পরিত্যাগ করবে না।[1]

সহীহ: মুসলিম।

English

Abu Hurairah said:

The Messenger of Allah (ﷺ) said: If any one of you offers prayer and feels a movement between his paddocks, but is doubtful whether or not his ablution broke, he should not cease praying unless he hears a sound or perceives a smell.



ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ পবিত্রতার ব্যাপারে নিশ্চিত হওয়ার পর উযু নষ্ট হবার সন্দেহ হলেও ঐ অবস্থায় সালাত আদায় জায়িয), তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ বায়ু নির্গত হওয়ার কারণে উযু করা, হাঃ ৭৫, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৭২১), আহমাদ (২/৪১২), ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ২৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন